তারিখ ... 27 APR 2017

কালের কণ্ঠ



গাজীপুরের কালিয়াকৈরে কালবৈশাখীতে এই প্রাথমিক বিদ্যালয়টির চাল উড়ে যাওয়ায় গতকাল খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পরীক্ষা দিতে হয়। ছবি : কালের কণ্ঠ

### কালিয়াকৈরে ঝড়ে বিদ্যালয় লণ্ডভণ্ড

# উড়ে গেছে চাল, খোলা আকাশে চলল পরীক্ষা

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি ▷**

গাজীপুরের কালিয়াকৈরে কালবৈশাখী ঝড়ে একটি প্রাথমিক বিদ্যালয়ের টিনের চাল উড়ে যাওয়ার পাশাপাশি অন্তত ১০টি বাড়ি লণ্ডভণ্ড হওয়াসহ অসংখ্য গাছপালা উপড়ে পড়ে। এ অবস্থায় গতকাল বুধবার খোলা আকাশের নিচে বিদ্যালয়ের শিক্ষার্থীদের পরীক্ষা দিতে হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, উপজেলার জালুয়াভিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নানা প্রতিকূলতার মধ্যে শিক্ষা কার্যক্রম চালিয়ে আসছে। বর্তমানে স্কুলে ১৩৮ জন শিক্ষার্থী রয়েছে। এখন পর্যন্ত বিদ্যালয়টি কোনো সরকারি সহায়তা পায়নি। গত মঙ্গলবার রাতে কালবৈশাখী ঝড় বিদ্যালয়টির টিনের চাল উড়িয়ে নিয়ে যায়। তাতে নষ্ট হয়ে যায় বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ কাগজপত্রসহ বিভিন্ন মালামাল। বর্তমানে বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা চলছে। গতকাল বুধবার শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে ইংরেজি পরীক্ষা দিয়েছে। খবর পেয়ে সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আলমগীর হোসাইন, স্থানীয় ইউপি সদস্য ও ওই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি দেওয়ান রফিকুল ইসলাম লিটন বিদ্যালয়টি পরিদর্শন করেন।

জালুয়াভিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনোয়ার জাহিদ বলেন, বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা চলছে। কিন্তু রাতে ঝড়ে বিদ্যালয়ের টিনের চাল উড়ে যাওয়ার পাশাপাশি আরো নানা ক্ষতি হয়েছে। এখন বৃষ্টির মৌসুম। বৃষ্টি নামলে চালবিহীন কক্ষে আর পরীক্ষা নেওয়া যাবে না। বিদ্যালয়ের একটি পাকা ভবনের জন্য কয়েকবার প্রস্তাব পাঠানো হলেও কাজ হয়নি।

সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আলমগীর হোসাইন বলেন, বৃষ্টি নামলে বিকল্প স্থানে পরীক্ষার ব্যবস্থা করা হবে। দ্রুত বিদ্যালয়টি মেরামত করা না হলে শিক্ষার্থীদের লেখাপড়ায় ক্ষতি হবে। তবে ছয়তলা ফাউন্ডেশনের একটি ভবনের প্রস্তাব করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এম.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর